

হীরামন বলে ডেকে 'শুন ওহে রাই।
 অদ্য মা'কে পোড়াইয়া কার্য কিছু নাই।।
 শঙ্খধ্বনি কর গিয়া মাতৃ-কর্ণ মূলে।
 রামাগণ হ্রুধ্বনি করুক সকলে।।
 আমি আছি প্রভু হরিচাঁদে ভাবিয়া।
 গাভীটা কোথায় আছে দেখে আসিয়া গিয়া।।
 মরা গাভী ফেলাইয়া এসেছে গো-চরে।
 গিয়া গাভীটার মাথা উঁচু করে ধরে।।
 'মা কেন রহিলি শুয়ে আসিয়া ডাঙ্গায়।
 দুধ না পাইয়া বোন কাঁদিয়া বেড়ায়।।
 দুগ্ধপোষ্য ছোটভগ্নী ঘাস নাহি ধরে।
 তুই দুধ না দিলে মা বাঁচে কি প্রকারে।।
 দিন ভরি ভগ্নী মোর করিছে রোদন।
 তুই দুধ না দিলে মা হইবে মরণ।।
 অবলা ভগিনী সদা 'হাস্না' 'হাস্না' করে।
 চেয়ে দেখ দুধ বিনে গোঁঙাইয়া মরে।।
 গৃহস্থ মরিল তোর আমার প্রহারে।
 তবু তার পুত্র মোরে দৃঢ় ভক্তি করে।।
 কর্মকর্তা হরিচাঁদ তাঁর নামে ভ্রমি।
 যাহা করে তাহা করি কর্মী নহে আমি।।
 এমন গৃহস্থ ছেঁড়ে যাইবে কোথায়।
 মা হ'য়ে মা কেন হেন কঠিন হৃদয়।।
 আমরে করহ দয়া রক্ষ এ বিপদে।
 প্রভু হরিচাঁদ সেবা দিব তোর দুখে।।
 এতবলি পৃষ্ঠদেশে মারিল চাপড়।
 'হাস্না' রব করি গাভী উঠে দিল দোড়।।
 যেখানেতে ছিল বৎস্য সেইখানে গিয়া।
 বাছুরে পিয়ায় দুগ্ধ অঙ্গ ঝাড়া দিয়া।।
 উহুড়িয়া উহুড়িয়া বৎস্য অঙ্গে চাটে।
 হেনকালে হীরামন আইল নিকটে।।
 বৎস্যকে ছাড়িয়া গাভী হীরামনে চাটে।
 বৎস্য গিয়া হীরামন পদে মাথা কুটে।।

এ দিকেতে কৌশল্যার দুইকর্ণ মূলে।
 দুই শঙ্খধ্বনি করে দুইজন মিলে।।
 নারীগণে হ্রুধ্বনি দিতেছে আসিয়ে।
 শত্রুলোকে কহে বাল্লকের মা'র বিয়ে।।
 মুহুমূর্ছ হরিধ্বনি করিছে সকলে।
 বাল্লকের মা উঠিল 'হরি হরি' বলে।।
 বাল্লক বলিছে 'হরি' দিয়া হুঁহুঁকার।
 তাহা দেখি পাষন্ডের লাগে চমৎকার।।
 পাষন্ডেরা বলে 'ধর কোথায় গৌসাই।
 জনমের মত তার চরণে বিকাই।।
 ধন্য ধন্য ওড়াকান্দী বাবা হরিচাঁদ।
 না জানিয়া নিন্দি মোরা করি অপরাধ।।
 ধন্য হরিচাঁদ ভক্ত মতুয়ারগণ।
 ধন্য ধন্য বাল্লকের ভকত একজন।।
 ধন্য ধন্য বাল্লকের মাতা সাধ্বী নারী।
 জনম বৃথায় যায় বল হরি হরি।।
 ধন্য ওড়াকান্দী ধন্য অবতীর্ণ হরি।
 না চিনিয়া মোরা কেন পাপে ডুবে মরি।।
 হীরামনে দেখিতে লোকের ভীড় হল।
 অন্তর্যামী হীরামন অদৃশ্য হইল।।
 কাঁদিয়া পাষন্ড সব ভূমে গড়াগড়ি।
 হীরামন অশ্বেষণে করে দৌঁড়াদৌঁড়ি।।
 সে হ'তে পাতলা গ্রাম নামে মেতে গেল।
 হরি হরি বলি সব মতুয়া হইল।।
 প্রভু হীরামন কীর্তি অলৌকিক কাজ।
 রচিল তারকচন্দ্র কবি রসরাজ।।



শ্রীশ্রীহীরামনের পরবর্তী

লীলা প্রকাশ

প্রাণদান করি প্রভু বাল্লকের মায়।
 প্রতিষ্ঠা বাড়িবে ভাবি জলে ঝাঁপ দেয়।।